R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৬৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

সবার সেরা
কালি, গাম, প্যাড ইঙ্ক
প্যারাগন কালি
প্যারাফিক্স, প্যাড ইঙ্ক
শ্যামনগর
২৪-পরগণা

৭০শ বর্ষ
৩৪শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ৩রা মাঘ বুধবার, ১৩৯০ সাল
১৮ই জানুয়ারী, ১৯৮৪ সাল।

নগদ মূল্য : ২৫ পয়সা
বার্ষিক ১২৲, সডাক ১৭৲

## 'ভাল কাজে' রঘুনাথগঞ্জ থানার ১৮ পুলিশ কর্ম্মী পুরস্কৃত

বিশেষ সংবাদদাতা : গত এক বছরে আইন শৃংখলা রক্ষায় ভাল কাজের জন্য রঘুনাথগঞ্জ থানার ১৮ জন পুলিশ কর্ম্মচারীকে 'বিশেষ কৃতিত্ব পুরস্কার' দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে। এই পুরস্কার দিয়েছেন মুর্শিদাবাদ জেলার পুলিশ সুপার দুলাল বিশ্বাস। পুরস্কৃত পুলিশদের মধ্যে থানার ও সি স্বদেশরঞ্জন সরকারও রয়েছেন। শ্রীসরকার এর আগে সুতী থানায় থাকার সময় কৃতিত্ব প্রদর্শনের জন্য ৭৯ সালের রাজ্যপাল হরেন মুখার্জী পদকও লাভ করেন। পুলিশের জনৈক মুখপাত্র জানান, গত তিন বছরে রঘুনাথগঞ্জ থানা এলাকায় অপরাধমূলক কাজকর্ম্ম হ্রাস পাওয়ায় জেলা পুলিশ সুপার সন্তোষ প্রকাশ করেছেন। '৮২ বর্ষে ওই থানা এলাকায় ৪টি ডাকাতি, ৮টি খুন এবং ৬১টি সংঘর্ষ সংঘটিত হয়। গত বছর এই সংখ্যা কমে ডাকাতি ৩, খুন ৪ এবং সংঘর্ষের ঘটনা ঘটেছে ৫৮টি। সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা হল, এই এলাকায় সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা। রঘুনাথগঞ্জ থানা এ ব্যাপারে কৃতিত্ব প্রদর্শন করায় এস পি ওসি স্বদেশ সরকারকে আরও ১ বছর স্বপদে বহাল রাখার সিদ্ধান্ত নিয়েছেন বলে জেলা পুলিশ সূত্রে জানা গেছে। এদিকে রঘুনাথগঞ্জ থানার ওসি'র সঙ্গে যোগাযোগ করা হলে তিনি আমাদের জানান, গত ৩ বছরে ব্যাপকভাবে তল্লাসী চালিয়ে প্রায় ১০—১২ লক্ষ টাকার রেলের চোরাই লোহা, বৈদ্যুতিক তার উদ্ধার করা সম্ভব হয়েছে। আইনগত কারণে উদ্ধারীকৃত মাল-পত্রগুলি থানাচত্বরে দীর্ঘদীন ধরে পড়ে রয়েছে। এই সমস্ত চোরাচালানের ব্যাপারে শতাধিকেরও বেশী ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। তাঁর থানা এলাকায় কুখ্যাত ডাকাত ও ট্রাককাটারদের ধর-পাকড় করার ফলে চুরি ডাকাতি এবং ট্রাক লুঠ বন্ধ করা সম্ভব হয়েছে। এছাড়া কয়েকজন কুখ্যাত ব্যক্তিকে সুস্থ জীবনে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হয়েছে থানার হস্তক্ষেপে। থানা অফিসারদের মতে, এত সব সত্ত্বেও নানা রকম সমস্যার ফলে সুষ্ঠুভাবে কাজকর্ম্ম চালাতে নানা ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হচ্ছে। একমাত্র গাড়ীটির জীর্ণদশায় সমস্ত এলাকায় যোগাযোগ রক্ষা করা পুলিশের পক্ষে নিয়মিত ভাবে সম্ভব হচ্ছে না। এ ছাড়া পুলিশ ফোর্স প্রয়োজনের তুলনায় সংখ্যায় অল্প থাকায় কাজকর্ম্ম ব্যাহত হচ্ছে। রঘুনাথগঞ্জ থানায় ৮ জন পুলিশ অফিসার ও ২৮ জন কনষ্টেবলের অনুমোদন রয়েছে। অফিসারদের মতে, এই সংখ্যা বাড়ানো উচিত। প্রায় ২.৪৮ লক্ষ বসতি ঘন এই থানা এলাকায় অন্ততঃপক্ষে ৫০ থেকে ৬০ জন ফোর্স অবশ্যই প্রয়োজন। প্রয়োজন পর্যাপ্ত গাড়ি এবং অস্ত্রশস্ত্রের। বর্তমানে থানায় কর্ম্মরত রয়েছেন ১৬ জন কনষ্টেবল। এর মধ্যে নিয়মিতভাবে বাধ্যতামূলক ডিউটি রয়েছে সেনট্রি—৩, ব্যারাক—৩, ডাক—১, আসামী যাতায়াত প্রভৃতি কাজে। এ ক্ষেত্রে কোনো বড় ধরনের ঘটনা ঘটলে ফোর্স পাওয়া দুরূহ সমস্যা হয়ে দাঁড়ায়। ওসি স্বদেশ বাবু এক সাক্ষাৎকারে আইন শৃংখলা ( ৪র্থ পৃষ্ঠায় দ্রঃ )

## জঙ্গিপুর স্কুলে ফের কো-এডুকেশনের প্রস্তাব

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি পুনরায় বিদ্যালয়ে নবম শ্রেণী থেকে কো-এডুকেশন প্রথা চালুর সিদ্ধান্ত নিয়েছেন। পূর্ব্বতন ম্যানেজিং কমিটি গত বছর থেকে দীর্ঘ দিনের চালু এই প্রথা বন্ধ করে দিয়েছিলেন। প্রথা বন্ধ করার আরও একটি কারণ ছিল শহরের জুনিয়র বালিকা বিদ্যালয়টি হাইস্কুল পর্যায়ে উন্নয়ন। বর্তমান ম্যানেজিং কমিটি এই সিদ্ধান্ত গ্রামাঞ্চলের মেয়েদের স্বার্থ সুরক্ষিত হলেও বিদ্যালয়ের প্রধান শিক্ষক শৈলেন্দ্রীরঞ্জন নাথ ম্যানেজিং কমিটির কো-এডুকেশন চালুর এই সিদ্ধান্তের বিরোধিতা করেছেন। সম্প্রতি জেলা স্কুল পরিদর্শকের অফিস থেকে এ ব্যাপারে সরজমিনে খতিয়ে দেখতে বিমল তালুকদার বিদ্যালয় পরিদর্শনে আসেন। তবে এখনও পর্যন্ত কো-এডুকেশন চালুর ব্যাপারে মধ্যশিক্ষা পর্ষদ থেকে কোন সম্মতি এসে পৌঁছায়নি। জানা গেছে, জঙ্গিপুর বালিকা বিদ্যালয়ে স্থান সংকুলানের অভাবেই জঙ্গিপুর হাইস্কুলে কো-এডুকেশন চালুর প্রচেষ্টা চালানো হচ্ছে।

## বাদশাহী সড়ক 'মোরাম' হচ্ছে

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ ১নং ব্লকের জরুর গ্রামের বাদশাহী সড়কটি মোরাম ফেলে সংস্কার করা হচ্ছে। এই কাজের জন্য টাকা দিচ্ছেন বহরমপুর জেলা পরিষদ। কাজটি করবেন ব্লক অফিস নিজের তত্ত্বাবধানে। ঠিক কত টাকা এই কাজের জন্য ব্যয় করা হবে জেলা পরিষদ সে ব্যাপারে ব্লক অফিসকে এখনও চূড়ান্ত কিছু জানায়নি। তবে জরুর থেকে রমনা পর্যন্ত মোরাম ফেলার কাজটি করার ব্যাপারে অনুমোদন দিয়েছেন।

## ইংলিশ স্কুল স্থাপন

ধুলিয়ান : গত ৯ জানুয়ারী থেকে ধুলিয়ান ডাকবাংলা মোড়ে লুথারান ওয়ারল্ড সারভিস পরিচালিত একটি ইংলিশ স্কুল খোলা হয়েছে। বর্তমান সরকার পরিচালিত স্কুলগুলিতে লেখাপড়ার ব্যর্থতা পরিলক্ষিত হওয়ায় এলাকার আপামর জনগণ এই ইংলিশ স্কুলে ছেলে-মেয়েদের স্বতঃস্ফুর্ত্তভাবে ভর্ত্তি করে চলেছেন। এতদিন সাধারণ লোকের ধারণা ছিল যে পাঁচ বৎসর বয়সে ছেলেদের হাতে খড়ি দিতে হয়। কিন্তু মনস্তাত্ত্বিকদের মতে জন্মের সময় থেকে ৫ বৎসর পর্য্যন্ত মানব জীবনের গুরুত্বপূর্ণ সময়। এই সময়ে শিশু যে পরিবেশের মধ্যে বাস করে, যে সকল ব্যক্তির সংস্পর্শে আসে এবং যে সকল অভ্যাস গঠন করে তার প্রভাব সারা জীবন স্থায়ী হয়। উপস্থিত প্রায় ৩০০ জন ছাত্র-ছাত্র ভর্ত্তি হবার সুযোগ পেয়েছে। বর্ত্তমানে পুরুষ শিক্ষক ৫ জন এবং মহিলা শিক্ষিকা ৩ জন আছেন। তারা সকলেই শ্বেতাঙ্গ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।


# জঙ্গিপুর সংবাদ

৩রা মাঘ বুধবার, ১৩৯০ সাল


## কে দিবে ?

প্রাক স্বাধীনতার কালে কোনও রেলযাত্রী গাড়ীতে চড়িলে দেখিতে পাইতেন, কামরার মেঝে পরিষ্কৃত ; শৌচাগারে জল আছে, সেখানে কোন নোংরা কিছু নাই। বসিবার আসনগুলি কাঠের হোক বা গদিআঁটা হোক, সবই ঠিক আছে। যথারীতি গাড়ী চলিতেছে। বিলম্ব কদাচিৎ হইত।

বর্তমানে সে জমানা আর নাই। দেশ স্বাধীন হইয়াছে, সাড়ে তিন দশক পার হইয়া গিয়াছে। বেশ কিছু নূতন নূতন গাড়ী চলিতেছে। কর্ম্মচারীদের সংখ্যা যথেষ্ট বাড়িয়াছে। লাফাইয়া লাফাইয়া রেলভাড়া বাড়িয়াছে—চরম বাড়িয়াছে। তবে রেলযাত্রীদের ভ্রমণ স্বাচ্ছন্দ্য বহুগুণে কমিয়া গিয়াছে।

সাধারণ লোকাল ট্রেনগুলি আজ এত দুর্দশাগ্রস্থ যে, মনে হয়, উহারা রেল কর্ম্মচারীদের চরম উপেক্ষার বস্তু। রেল কামরার মেঝে কত দিন যে পরিস্কার করা অর্থাৎ ঝাঁট দেওয়া হয় না, তাহার হিসাব কে দেয় ? ঝাড়ুদার যথারীতি আছেন। টার্মিনাসগুলি হইতে গাড়ী ছাড়িবার পূর্ব্বে গাড়ী ঝাঁট দেওয়া, জল দেওয়া প্রভৃতি আবশ্যিক কর্তব্য। কিন্তু তিক্ত অভিজ্ঞতা অন্যরূপ। উদাহরণস্বরূপ অল্প পাল্লার কাছাকাছি গাড়ীগুলির কথা বলা যায়। বারহারোয়া-কাটোয়া, আজিমগঞ্জ-অণ্ডাল, রামপুরহাট-অণ্ডাল, সাঁইথিয়া-অণ্ডাল প্রভৃতি ট্রেনগুলি এত নোংরা আবর্জনায় পূর্ণ থাকে যে, যাত্রীসাধারণ বসিতে কি অশান্তি যে পান, তাহা ভুক্তভোগী বুঝিবেন। বসিয়া থাকাতেই যেখানে হুঙ্কার উপস্থিত করে, গাড়ীতে কিছু খাওয়া কি সম্ভব ? অথচ খাওয়ার একান্ত প্রয়োজন হয়। বসিবার আসনে কাঠের পাটাতন নাই, বাঙ্কের তক্তা উধাও, আলো—পাখা নির্মূল, জানালার সার্সি নাই—এগুলি স্বাধীনতা-উত্তর কালে চরম উচ্ছৃঙ্খলার নিদর্শন। কিন্তু রেল কর্ম্মচারীদের কাজকর্মে অবহেলা ও ফাঁকি কোন্ বুদ্ধির পরিচয় ? কর্ম্মচারীদের নানা সংস্থা আছে। সেখান হইতে 'কাজ করিও না, মাহিনা লও' শ্লোগান নিশ্চয়ই উচ্চারিত হয় না। তথাপি লোক দেখান 'সৌজন্য সপ্তাহ'-এর ঘটাপটা রুগ্ন দেহে প্রসাধনী জৌলুষ ছাড়া আর কী ? আচরণবিধি নয়, কর্ম্মবিধি শিক্ষার একান্ত প্রয়োজন। সে শিক্ষা কে দিবে ?

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

আমি রঘুনাথগঞ্জ থানার তেঘরী গ্রামের এক অধিবাসী। গত ৯ জানুয়ারী এক ব্যক্তির সঙ্গে একটি ঘোড়ার গাড়ীর ধাক্কা লাগার ঘটনায় মারধোর ও টাকা-পয়সা ছিনতাই-এর ঘটনার সাক্ষী দেবার জন্য রঘুনাথগঞ্জ থানার এ এস আই দয়াল মুখার্জী আমাকে মারধোর করেন এবং অশ্লীল ভাষায় গালিগালাজ করেন। আমি এর বিরুদ্ধে সম্মানহানির অভিযোগে ওই পুলিশ অফিসারের অশালীন আচরণের বিরুদ্ধে জঙ্গিপুর আদালতে অভিযোগ দায়ের করেছি। এক্ষণে এই ঘটনার প্রতি পুলিশের উচ্চ পদস্থ অফিসারদের দৃষ্টি আকর্ষণ করে বিচার প্রার্থনা করছি।

জগৎজ্যোত রায়
তেঘরী

### চতুষ্পাঠী স্থাপন

নিজস্ব সংবাদদাতা : গত ১৫ ডিসেম্বর সাগরদীঘি পোপাড়ায় হৃদয়রঞ্জন কাব্যতীর্থ কাব্যরত্নের বাসভবনে বিশ্ব হিন্দু পরিষদের উদ্যোগে সংস্কৃত অধ্যয়নের চতুষ্পাঠী স্থাপিত হয়েছে। হৃদয়বাবু ও নলকিশোর মিশ্রকে অধ্যাপনার ভার দেওয়া হয়েছে।


বিয়ের যৌতুকে, উপহারে ও নিত্য ব্যবহারের
জন্য সৌখীন ষ্টীল ফার্ণিচার

স্থানীয় জনসাধারণের প্রয়োজন ও পছন্দমত রঘুনাথগঞ্জ সদরঘাটে এই প্রথম একটি "ষ্টীল" ফার্ণিচারের দোকান খোলা হইয়াছে।

এখানে বিশিষ্ট কোম্পানীর ষ্টীল আলমারী সোফাকাম বেড, ফোল্ডিং খাট, চেয়ার, টেবিল ইত্যাদি ন্যায্য দামে পাবেন।

সেনগুপ্ত ফার্ণিচার হাউস
রঘুনাথগঞ্জ ( সদরঘাট ) মুর্শিদাবাদ

দুর্গাপুর সিমেণ্ট ওয়ার্কস-এর
উন্নতমানের এবং নির্ভরযোগ্য
ফ্রি সেল
দুর্গাপুর সিমেণ্ট
আপনার চাহিদা মতো এখন রঘুনাথগঞ্জেও পাবেন
॥ একমাত্র পরিবেশক ॥
এম, এল, মুন্দ্রা
পাকুড়তলা, রঘুনাথগঞ্জ ( বন্ধু সমিতি ক্লাবের পার্শ্বে )
সাহেববাজার জঙ্গিপুর

ফোন : ১১৫
সকলের প্রিয় এবং বাজারের সেরা
ভারত বেকারীর প্রাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পাণ্ডিত প্রেস হইতে অরুন্তম পাণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।

# National Thermal Power Corporation Ltd.

( A GOVERNMENT OF INDIA ENTERPRISE )

**Farakka Super Thermal Power Project**

Sealed tenders are invited from experienced and registered contractors of NTPC/CPWD/Railways/WBSEB and Public Sector Undertakings for the following work. Tender documents can be had in person on showing the registration and credentials from the Office of the Undersigned during working hours of date mentioned for sale of documents on payment of cost of tender paper for the work. Tenderers desiring documents by post should send Rs. 20/- (Rupees Twenty) only extra for the work either by I. P. O. payable at Post Office, Khejuriaghat or Demand Draft in favour of 'National Thermal Power Corporation Ltd.' payable on State Bank of India at Farakka alongwith a copy of prof of registration and credentials.

The tender documents will be on sale from 14 1. 84 to 03. 02. 84 from 9·00 to 12·00 hours and 14·30 to 16·00 hours. Tenders will be received upto the tender opening date & time as indicated below and will be opened immediately thereafter in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of work | Estimated cost | Amt. of EMD cost of tender paper | Completion period | Date & time of opening |
|---|---|---|---|---|---|
| 1. | Earthfilling of Coal Handling plant area for pipe and Cable Trench at plant site of FSTPP. NIT No. FS:42:CS:711/T-1/84 | Rs. 7·00 Lakh | Rs. 14000/- Rs. 100/- | Three Months | 4. 2. 84 at 11 a m. |

TERMS & CONDITIONS :

1. Proof of registration, latest tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining forms and should be submitted alongwith the tenders.
2. Interested parties are advised to visit the site to familiarise with the site conditions.
3. Tenders received late and/or without earnest money will not be entertained. Adjustment of earnest money against running account bill is not acceptable and earnest money to be submitted in any of the acceptable forms as mentioned in the tender paper. Tenderers registered with any other project of NTPC, are not exempted from depositing EMD. All the tenders must be accompanied by requisite earnest money in prescribed form, 'Earnest Money enclosed' should clearly be written on the top of the envelope containing tender paper failing which the tenders(s) may not be opened and will be returned to the tenderer(s).

Deputy Manager (Contracts)
Farakka Super Thermal Power Project
P. O. Nabarun, Dist. Murshidabad (W.B.)

( ১ম পৃষ্ঠার পর )

### পুলিশ কর্ম্মী পুরস্কৃত

রক্ষার ব্যাপারে স্থানীয় জনসাধারণের কাছ থেকে পূর্ণ সহযোগিতা পাওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন। তিনি তাঁর কাজকর্ম চালানোর ব্যাপারে কোন রকম রাজনৈতিক হস্তক্ষেপ ঘটেনি বলে দাবী করেছেন।

জিদ্দি এখনও ফেরার : দস্তামারা গ্রামের কুখ্যাত জিদ্দি সেখ এখনও ফেরার। গত ৭৫ সাল থেকে সে পালিয়ে বেড়াচ্ছে। বীরভূম, বিহার এবং মুর্শিদাবাদে বহু ডাকাতির ঘটনার প্রত্যক্ষ নায়ক এই জিদ্দি। তাকে যে কোনো অবস্থায় ধরতে পুলিশ তৎপর। এ ব্যাপারে পুলিশী ফোর্সকেও তৎপর করা হচ্ছে বলে ওসি স্বদেশ সরকার জানিয়েছেন।

### বিবেকানন্দ স্মরণ

নিজস্ব সংবাদদাতা : বিবেকানন্দ পাঠচক্রের উদ্যোগে রঘুনাথগঞ্জে স্বামী বিবেকানন্দের ১২২ তম জন্ম দিনটি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। এই উপলক্ষে রবিবার প্রভাতফেরী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সন্ধ্যায় স্বামী দেবরাজানন্দজী মহারাজ পাঠচক্রের নৈশ বিদ্যালয়ের দুস্থ ছাত্রদের মধ্যে পোষাক বিতরণ করেন। তিনি তাঁর ভাষণে স্বামীজীর কাজে প্রতিটি তরুণকে এগিয়ে আসার জন্য আহ্বান জানান। পাঠচক্রের প্রধান উপদেষ্টা প্রশান্ত সিংহ স্বামীজীর আদর্শকে বাস্তবে রূপায়িত করার যে পরিকল্পনা পাঠচক্র নিয়েছে তাতে সকলের সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে বিভিন্ন ক্লাব ও স্কুলের পক্ষ থেকে বিবেকানন্দের প্রতিকৃতিতে মাল্যদান করা হয়।

### শোক সংবাদ

রঘুনাথগঞ্জ : গত ৮ জানুয়ারী স্থানীয় চিকিৎসক ডাঃ অমিয়ময় রায়চৌধুরী ৫৯ বছর বয়সে পরলোকগমন করেছেন। সদালাপী অমিয় বাবু বিভিন্ন জনহিতকর প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত ছিলেন। আমরা তাঁর আত্মার শান্তি কামনা করছি।

### ডেপুটেশন

ধুলিয়ান : ২১ ডিসেম্বর ভারতীয় জনতা পার্টির নেতৃত্বে প্রায় একশো গরুরগাড়ীর চালক বিভিন্ন দাবীর ভিত্তিতে ধুলিয়ান শহর পরিক্রমা করে এবং পুরপতি ও সমসেরগঞ্জ থানার বড় বাবুর নিকট ডেপুটেশন দেয়। তাদের দাবী গরুগাড়ী ষ্ট্যাণ্ড নির্ম্মাণ, পানীয় জলের ব্যবস্থাকরণ, স্থানীয় ট্রাক ও ঘোড়া গাড়ীতে মাল বহন নিষিদ্ধ করণ, মালের রেট নির্দ্ধারণ ইত্যাদি। ডেপুটেশনে নেতৃত্ব দেন লোকাল কমিটির সাধারণ সম্পাদক ষষ্ঠীচরণ ঘোষ।

পানে ও আপ্যায়নে
**চা ঘরের চা**
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ফোন—৩২

### খেলাধুলা

সাগরদীঘি : ৮ জানুয়ারী বালিয়া নেতাজী সংঘ সব পেয়েছির আসরের উদ্যোগে একদিনের শিক্ষামূলক শিবিরে ১৫০ জন ভাই-বোন কর্ম্মীদের উপস্থিতিতে বংশীয়া ডাঙ্গাপাড়া মাঠে বিভিন্ন খেলাধূলার আসর জমে ওঠে। এই ধরনের শিবির এই ব্লকে প্রথম।

### সহরায় উৎসব

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি ব্লকের বিভিন্ন আদিবাসী সাঁওতাল গ্রামে তাদের জাতীয় উৎসব সহরায় পৌষ মাসের শেষে আরম্ভ হয়েছে। চার দিন ধরে আদিবাসীদের সব থেকে বড় পর্ব্ব চলছে। প্রথম দিন মাঠে পূজা তারপর তিন দিন বাড়িতে এবং রাস্তায় সহরায় সুরে নাচ-গান চলছে। উৎসবের আনন্দে তারা বিভোর।

### বড়দিন উৎসব

নিজস্ব সংবাদদাতা : ২৫ ডিসেম্বর বড়দিন উপলক্ষে সাগরদীঘি এলাকার মনিগ্রাম সেণ্ট জোসেফ সোম হলে যীশুখ্রীষ্টের জন্ম উৎসব পালিত হয়েছে।

সবার প্রিয় চা—
**চা ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

ফ্রি সেলে নন লেভি এ সি সি
সিমেণ্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে
আমরা সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার
**ইউনাইটেড ট্রেডিং কোং**
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )
ফোনঃ জঙ্গি ২৭, রঘু ১০৭

